

# 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৫২

পর্ব - ১% পবিত্রতা (১৯৯৮)

পরিচ্ছেদঃ ৪. উযূর বিবরণ - কুলি করা ও নাকে পানি দেয়ার পদ্ধতি

### আরবী

وَعَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّف, عَنْ أَبِيهِ, عَنْ جَدِّهِ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ \_ صلى الله عليه وسلم يَفْصِلُ بَيْنَ الْمَضْمَضَةِ وَالِاسْتِنْشَاقِ. أَخْرَجَهُ أَبُو دَاوُدَ بِإِسْنَادِ ضَعِيفِ

ضعيف. رواه أبو داود (139)

#### বাংলা

৫২। ত্বালহা বিন মুসরিফ হতে বর্ণিত। তিনি (রাঃ) তাঁর পিতা থেকে, তিনি তাঁর দাদা (কাব বিন 'আমর হামদানী) হতে বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কুলি করা ও নাকে পানি দেয়ার ক্ষেত্রে পার্থক্য করতে দেখেছি। (অর্থাৎ দুই কাজে আলাদা আলাদা পানি ব্যবহার করতেন)। আবূ দাউদ এটি দুর্বল সানাদে বর্ণনা করেছেন।"[1]

### **English**

Narrated Talha bin Musarrif, quoting his father on the authority of his grandfather:

"I saw Allah's Messenger (ﷺ) rinsing his mouth and sniffing up and blowing his nose with separate scops of water." [Reported by Abu Da'ud with a weak chain of narrators].

## ফুটনোট

[1] যঈফ। আবু দাউদ (১৩৯), ইবনুল মুলকিন তাঁর খুলাসা আল বাদারুল মুনীর (১/৩২) গ্রন্থে হাদীসটিকে দুর্বল



বলেছেন, আর তিনি একই গ্রন্থে (২/১০৪) এবং তুহফাতুল মুহতাজ (১/১৮২) গ্রন্থে বলেন, হাদীসটি দুর্বল, কেননা প্রসিদ্ধ মুহাদ্দিসগণের নিকট লাইস বিন আবু সুলাইম দুর্বল বর্ণনাকারী হিসেবে পরিগণিত। ইমাম তাঁর খুলাসা (১/১০১) গ্রন্থে একে দুর্বল বলেছেন আর আল মাজমু (১/৩৮৫) গ্রন্থে বলেছেনঃ এর সনদ শক্তিশালী নয়। ইমাম সনআনী তাঁর সুবুলুস সালাম (১/৮২) গ্রন্থে বলেন, এর সনদে লাইস বিন আবু সুলাইম রয়েছেন যিনি দুর্বল বর্ণনাকারী। ইমাম শওকানী তাঁর সাইলুল জাররার গ্রন্থে বলেন, এ হাদীসটিকে মুসরিফ ওয়ালিদ তলহার অজ্ঞতার কারণে ক্রিটিপূর্ণ মনে করা হয়। কিন্তু ইবনুস সালাহ এর সনদকে হাসান বলেছেন ........

মুহাদিস আযীমাবাদী তাঁর গায়াতুল মাকসূদ (১/৪০৪), আওনুল মা'বুদ (১/১১৭) গ্রন্থেও হাদীসটিকে দুর্বল বলেছেন। শাইখ আলবানী যঈফ আবু দাউদ (১৩৯) গ্রন্থে একে দুর্বল বলেছেন। ইবনু হাজার তাঁর আত তালখীসুল হাবীর (১/১১৫) গ্রন্থে বলেন, এর সনেদ লাইস বিন আবু সুলাইম দুর্বল বর্ণনাকারী রয়েছে যাকে ইয়াহইয়া ইবনুল কান্তান, ইবনু মুঈন, আহমাদ বিন হাম্বাল পরিত্যাগ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ত্বলহা ইবনু মুসাররিফ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন